বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৪

তারিখ ঃ ১০ বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ
২৩ এপ্রিল, ২০২০ খ্রিষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৬/০৪/২০২০ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার ঘোষিত সাধারণ ছুটির মধ্যে দেশের বিভিন্ন বন্দর (সমুদ্র/স্থল/বিমান) এর মাধ্যমে আমদানি-রপ্তানি কার্যক্রমে সুবিধা প্রদানের উদ্দেশ্যে এসব এলাকায় (পোর্ট ও কাস্টমস্ এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/বুথসমূহ স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস্ কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে সপ্তাহে ৭ দিন ২৪ ঘন্টা খোলা রাখার বিষয়ে ০৫/০৮/২০১৯ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-২৪ এর মাধ্যমে যে নির্দেশনা প্রদান করা হয়েছিল তা বহাল রয়েছে। তদুপরি সরকার ঘোষিত সাধারণ ছুটির মধ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসংগে সর্বশেষ ১৬ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৩ এর অনুচ্ছেদ ২(ঙ)-তে এই বিষয়ে পুনরায় নির্দেশ প্রদান করা হয়েছে। এক্ষণে, চট্টগ্রাম বন্দরে সৃষ্ট পণ্য জট নিরসনে আমদানিকৃত পণ্য দ্রুত খালাসের মাধ্যমে অধিকতর সুবিধা প্রদানের লক্ষ্যে দেশের প্রধান দু'টি বাণিজ্যিক এলাকা তথা মতিঝিল/দিলকুশা, ঢাকা এবং খাতুনগঞ্জ ও আগ্রাবাদ, চট্টগ্রাম- এ অবস্থিত তফসিলি ব্যাংকসমূহের শাখার বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ

০১। আগামী ২৬ এপ্রিল ২০২০ তারিখ হতে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত মতিঝিল/দিলকুশা, ঢাকা এবং খাতুনগঞ্জ ও আগ্রাবাদ, চট্টগ্রাম এলাকায় অবস্থিত সকল তফসিলি ব্যাংকের শাখাসমূহ প্রতি কার্যদিবসে খোলা রাখতে হবে।

০২। উক্ত বাণিজ্যিক এলাকার ব্যাংক শাখাসমূহের দৈনিক ব্যাংকিং লেনদেনের সময়সূচী সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত পুনঃনির্ধারণ করা হল। এক্ষেত্রে লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনে দুপুর ৩.৩০ ঘটিকা পর্যন্ত খোলা রাখা যাবে।

০৩। ইতোপূর্বে ১৬/০৪/২০২০ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৩ এর অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ আমিনুর রহমান চৌধুরী)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১১৩